

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.২০০.২৫.০০০১.২৫.৭৫

তারিখ: ৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

বিষয়: ১২৪তম সিনিয়র স্টাফ কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন।

সূত্র: বিপিএটিসির স্মারক নং ০৫.০১.২৬৭২.১৪০.১৮.০৭৬.২০.২০৬ তারিখ: ০৬/০৫/২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভারে ২০২৬-২০২৭ অর্থবছরে যুগ্মসচিব কর্মকর্তাদের জন্য সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) ০৬টি ব্যাচে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:


কোর্সের নাম	মেয়াদ	
	শুরুর তারিখ	সমাপ্তির তারিখ
১২৪তম এসএসসি	০৫/০৭/২০২৬	১৮/০৮/২০২৬
১২৫তম এসএসসি	১৩/০৯/২০২৬	২৭/১০/২০২৬
১২৬তম এসএসসি	১৫/১১/২০২৬	২৯/১২/২০২৬
১২৭তম এসএসসি	১৭/০১/২০২৭	০২/০৩/২০২৭
১২৮তম এসএসসি	২১/০৩/২০২৭	০৪/০৫/২০২৭
১২৯তম এসএসসি	০৯/০৫/২০২৭	২২/০৬/২০২৭

০২। জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ অনুযায়ী সরকারের যুগ্মসচিবদের জন্য সিনিয়র স্টাফ কোর্স প্রশিক্ষণটি পরবর্তী পদোন্নতির জন্য বাধ্যতামূলক। নীতিমালা অনুযায়ী যেসকল কর্মকর্তার বয়স কোর্স শুরুর তারিখে ৫৫ বছরে উপনীত হবে, তাঁদের জন্য কোর্সটি প্রযোজ্য নয়।

০২। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ বা সংযুক্ত/অধীন দপ্তরে কর্মরত যুগ্মসচিব পদের কর্মকর্তা যারা কোর্সটি সম্পন্ন করেননি, নিম্নোক্ত ছকে জ্যেষ্ঠতা ও মেধাক্রম অনুসরণপূর্বক কর্মকর্তাগণের তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ২৪ জুন ২০২৬ তারিখ বিকাল ০৪টার মধ্যে হার্ড কপি ও ইমেইলে (it1@mopa.gov.bd) সফট কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

ক্রম	যুগ্মসচিব পদে GEMS এর সিরিয়াল	কর্মকর্তার নাম, আইডি ও পদবী	কর্মস্থল	ব্যাচ	ফোন ও ইমেইল	মনোনয়নকৃত কোর্সের নাম (১২৪-১২৯তম)
১		২	৩	৪	৫	৬

০৩। বিষয়টি অতীব জরুরি।



২১-০৬-২০২৬

হাসান মূর্তাজা মাসুম
উপসচিব

ফোন : ৮৮০২৯৫১৫৫২৫

ইমেইল : it1@mopa.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)।

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.২০০.২৫.০০০১.২৫.৭৫/১ (৮)

তারিখ: ৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সহকারী সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৮। প্রশাসনিক কর্মকর্তা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।



২১-০৬-২০২৬
হাসান মূর্তাজা মাসুম
উপসচিব